গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩২.১৪.০৩০.১৭-৩৬৪ তারিখঃ ১৬-০৭-২০১৮

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রী'র প্রতিশ্রুত প্রকল্পের জুন ২০১৮ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যববরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে গত ০৫ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হল। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (নিকস ফন্টে হার্ড ও sajalpol@gmail.com ঠিকানায় সফট কপি) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

১৬/০৭/২০১৮

(তওহীদ আহমদ সজল)
সিনিয়র সহকারী প্রধান
ফোন-৯৫১৪২৬৬
E-mail: sajalpol@gmail.com

www.rthd.gov.bd || date: 2018-07-19

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২। সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৩। সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৬। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭-৮। অতিরিক্ত সচিব (উন্নয়ন/বাজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯। প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১০। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫-৬। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

## মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি প্রকল্প

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নজরুল ইসলাম<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় |
| তারিখঃ | : | ০৫ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ |
| সময় | : | দুপুর ১২:০০ ঘটিকা |
| স্থানঃ | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতিঃ | : | পরিশিষ্ট-ক |

১. উপস্থাপনা

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমোদনক্রমে যুগ্মপ্রধান সভায় জানান যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির সংখ্যা মোট ৬০টি। প্রতিশ্রুতিসমূহের বিপরীতে ৭৪টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। জুন ২০১৮ পর্যন্ত ২৪টি প্রকল্প সম্পূর্নরূপে বাস্তবায়তি হয়েছে। ১৩টি প্রকল্প আংশিক বাস্তবায়ন করার প্রেক্ষিতে মাননীয় প্রধামন্ত্রীর প্রতিশ্রুত কার্যাদি সম্পন্ন হয়েছে। ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১৫টি প্রকল্প চলমান রয়েছে। ৬টি প্রতিশ্রুতির বিপরীতে আংশিক বাস্তবায়নযোগ্য কাজ চলছে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত হলেও এ বিভাগের সাথে সংশ্লিষ্টতা নেই বিধায় ৩টি প্রকল্প বাস্তবায়ন না করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং ১টি প্রতিশ্রুতি অন্য মন্ত্রণালয়ের সাথে সংশ্লিষ্ট বিধায় সে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। যে সকল প্রকল্পের কিছু কাজ অবশিষ্ট রয়েছে সেগুলোকে আংশিক বাস্তবায়িত হিসেবে গণ্য করা হয়েছে।

২. প্রকল্পওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

| ক্রম/ প্রকল্পের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের ডাটাবেইজ হালনাগাদকরণ | সভায় সড়ক ও জনপথ অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রতিনিধি অবহিত করেন যে, প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির বিপরীতে গৃহীত কার্যক্রম প্রধানমন্ত্রীর কার্যালয়ের ডাটাবেইজে নিয়মিত হালনাগাদ করা হয়। এ কার্যক্রম সংশ্লিষ্ট উইং/সার্কেল থেকে নিয়মিতভাবে করার জন্য নির্দেশনা দেয়া হয়। | (ক) এ বিভাগাধীন মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে।<br>(খ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের ডাটাবেইজে হালনাগাদ তথ্যাদি প্রদান অব্যাহত রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর এবং অতিরিক্ত সচিব (উন্নয়ন)/ যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| ২.২ রাজাপুর-নৈকাঠী-বেকুটিয়া-পিরোজপুর সড়কের (জেড-৮৭০২) ১২তম কিলোমিটার বেকুটিয়া কঁচা নদীর উপর ৮ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ | প্রকল্পটির অনুকূলে প্রদত্ত আরএডিপি বরাদ্দের ৯৯.৫৩% ব্যয় হয়েছে। প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে চলছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৩ পটুয়াখালী জেলার বাউফল উপজেলার বগা নদীর ওপর ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ<br>(প্রতিশ্রুতি ক্রম ৪২) | সভায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ব্রীজ ম্যানেজমেন্ট উইং অবহিত করেন যে, বগা নদীর ওপর নির্মিতব্য ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু চীন সরকারের অনুদানে নির্মাণের লক্ষ্যে বাংলাদেশ ও চীন সরকারের মধ্যে ১১/০৫/২০১৭ তারিখে অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ব্রীজ ম্যানেজমেন্ট উইং হতে গত ১৬-১০-২০১৭ তারিখে পত্র দিয়ে সেতুর Detail Design এবং Component wise Detail Engineer's Estimate প্রণয়নের জন্য চীনা কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়েছে। সে পরিপ্রেক্ষিতে বাংলাদেশস্থ চীনা দূতাবাসের Economic and Commercial এর স্মারক নম্বর ২০১৭-EC-QJB-076, তারিখ ২৪-১০-২০১৭ এর মাধ্যমে জানিয়েছে যে, ৮ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণের পর পর্যায়ক্রমে ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হবে। এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখার জন্য পরামর্শ দেয়া হয়। | ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণের লক্ষ্যে চীন সরকারের সাথে অনুদান চুক্তি অনুযায়ী অনুদান প্রাপ্তির বিষয়ে ইআরডি'র সাথে এবং Feasibility Study ও Detailed Design সম্পন্ন করার জন্য চীন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং |

www.rthd.gov.bd // date: 2018-07-19

| | | | |
|---|---|---|---|
| ২.৪ মংলা নদীর উপর ঝুলন্ত ১০ম বাংলাদেশ চীন-মৈত্রী সেতু নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ৩৭) | সভায় জানানো হয় যে, মংলা নদীর ওপর ঝুলন্ত ১০ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণের লক্ষ্যে চীন সরকারের সাথে গত ১৯/০৬/২০১৬ তারিখ স্বাক্ষরিত MoM অনুযায়ী ২০১৬-২০২০ পর্যন্ত ০৫ বছরে **9th, 10th, and 11th Bangladesh-China Friendship Bridge** নির্মাণ সংশ্লিষ্ট প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী ও চীন সরকারের মাননীয় বাণিজ্য মন্ত্রীর মধ্যে **The Plan of Special Assistance Project's of Bridge Construction** শীর্ষক MoU ১৪/১০/২০১৬ তারিখে স্বাক্ষরিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ১০ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু হিসেবে মংলা সেতু সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় নির্মাণের জন্য ইআরডি হতে গত ২০/০৮/২০১৭ তারিখে চীন কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। এ সেতুটিও পর্যায়ক্রমে চীনা অনুদানে নির্মিত হবে। এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখার জন্য পরামর্শ দেয়া হয়। | ১০ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণে চীন সরকারের অনুদান প্রাপ্তির বিষয়ে ইআরডি'র সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং |
| ২.৫ বটিয়াঘাটা-দাকোপ মহাসড়কে ঝপঝপিয়া নদীর উপর ১১তম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু (ঝপঝপিয়া সেতু) নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ৩৮/খ) | সভায় জানানো হয় যে, বটিয়াঘাটা-দাকোপ মহাসড়কে ঝপঝপিয়া নদীর ওপর ১১তম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু (ঝপঝপিয়া সেতু) নির্মাণের লক্ষ্যে চীন সরকারের সাথে গত ১৯ জুন ২০১৬ তারিখ MoM স্বাক্ষরিত হয়েছে। ২০১৬-২০২০ পর্যন্ত ০৫ বছরে **9th, 10th, and 11th Bangladesh-China Friendship Bridge** নির্মাণ সংশ্লিষ্ট প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী ও চীন সরকারের মাননীয় বাণিজ্য মন্ত্রীর মধ্যে The Plan of Special Assistance Project's of Bridge Construction শীর্ষক MoU ১৪/১০/২০১৬ তারিখে স্বাক্ষরিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ১০ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু হিসেবে মংলা সেতু সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় নির্মাণের জন্য ইআরডি হতে গত ২০/০৮/২০১৭ তারিখে চীন কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। এ সেতুটিও পর্যায়ক্রমে চীনা অনুদানে নির্মিত হবে। এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখার জন্য পরামর্শ দেয়া হয়। | ১১তম বাংলাদেশ চীন মৈত্রী (ঝপঝপিয়া সেতু) সেতু নির্মাণে চীন সরকারের অনুদান প্রাপ্তির বিষয়ে ইআরডি'র সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং |
| ২.৬ পটুয়াখালী জেলার দুমকী ও বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় পান্ডব পায়রা নদীতে নলুয়া-বাহেরচর সেতু নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ৫০) | সভায় জানানো হয় যে, পটুয়াখালী জেলার দুমকী ও বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় পান্ডব পায়রা নদীতে নলুয়া-বাহেরচর সেতু নির্মাণের লক্ষ্যে জিওবি অর্থায়নে প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়। ইতোমধ্যে সেতুর ধরণ নির্ধারণকরত: ডিজাইন প্রণয়ন কাজ সম্পন্ন করে ডিপিপি প্রণয়নের কাজ চলছে।<br>একই সাথে এ সেতু বৈদেশিক সহায়তায় নির্মাণের লক্ষ্যে PDPP প্রণয়ন করে পরিকল্পনা কমিশনের নীতিগত অনুমোদন গ্রহণান্তে ০১/০৩/২০১৬ তারিখে ইআরডি'তে প্রেরণ করা হয়েছে। এ বিভাগ থেকে Asian Infrastructure Investment Bank (AIIB)-এর অর্থায়নে বাস্তবায়নের জন্য ১৮/০২/২০১৬ তারিখে ইআরডিতে পত্র দেয়া হয়েছে। গত ০৩-০৮-২০১৭ তারিখে AIIB'র প্রতিনিধির সাথে সভা হয়েছে। AIIB'র অর্থায়ন পাওয়ার বিষয়ে ইআরডি'র সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য সওজ অধিদপ্তরকে পরামর্শ দেয়া হয়। | বৈদেশিক সহায়তার বিষয়ে ইআরডি'র সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। তবে অর্থায়ন নিশ্চয়তা পাওয়া না গেলে জিওবি অর্থায়নে প্রকল্পটি গ্রহণ ও দ্রুত ডিজাইন সম্পন্ন করে ডিপিপি প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং |
| ২.৭ আশুগঞ্জ-নবীনগর সড়ক নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ১৪) | কুমিল্লা সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী সভায় জানান যে, এ প্রকল্পের উপর গত ০১/০৪/২০১৮ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। আশুগঞ্জ-নবীনগর সড়ক নির্মাণ প্রকল্পভুক্ত সেতু নির্মাণের জন্য হাইড্রোলজিক্যাল ষ্ট্যাডি ও মরফোলজিক্যাল সার্ভে এবং সেতু ডিজাইনের কাজ সম্পন্ন করা হয়েছে। পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পুনর্গঠিত ডিপিপি দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। | পুনর্গঠিত ডিপিপি দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। | পরিকল্পনা উইং |

www.rthd.gov.bd // date: 2018-07-19

| | | | |
|---|---|---|---|
| ২.৮ সুনামগঞ্জ-মদনপুর-দিরাই-শাল্ল্যা- আজমিরীগঞ্জ-হবিগঞ্জ আঞ্চলিক মহাসড়কের শাল্ল্যা-জলশুকা অংশের সেতু (প্রতিশ্রুতি ক্রম ২১/গ অংশের) | সভায় জানানো হয় যে, সুনামগঞ্জ-মদনপুর-দিরাই- শাল্ল্যা-আজমিরীগঞ্জ- হবিগঞ্জ আঞ্চলিক মহাসড়কের (ক্রম ২১/গ অংশের) শাল্ল্যা-জলশুকা অংশের সেতুর ডিপিপি'র ওপর ১৩/১১/২০১৬ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | প্রকল্পটি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সিলেট জোন |
| ২.৯ দুধকুমর নদীর ওপর একটি সেতু নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম-১) | সভায় জানানো হয় যে, দুধকুমর নদীর ওপর একটি সেতু নির্মাণ এর জন্য হাইড্রোলজিক্যাল ও মরফোলজিক্যাল ষ্টাডি সম্পন্ন করে প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় এবং গত ২৭/০৮/২০১৭ তারিখে প্রকল্পটির উপর আভ্যন্তরীণ যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | প্রকল্পটির অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রংপুর জোন |
| ২.১০ বগুড়া জেলা শহর থেকে জিয়াউর রহমান মেডিকেল কলেজে যাতায়াতের জন্য ১.৮৫ কিলোমিটার সড়ক নির্মাণের (প্রতিশ্রুতি ক্রম-৩) | বগুড়া জেলা শহর থেকে জিয়াউর রহমান মেডিকেল কলেজে যাতায়াতের জন্য রাস্তা নির্মাণ প্রকল্পের ১.৮৫ কিলোমিটার সড়ক নির্মাণের অসমাপ্ত কাজ সমাপ্তকরণের লক্ষ্যে ১০৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে গৃহীত প্রকল্প গত ২৩/০১/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। অনুমোদিত ডিপিপি অনুযায়ী দরপত্র প্রক্রিয়াকরণ করে দ্রুত বাস্তবায়নের উদ্যোগ নেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়। | অনুমোদিত ডিপিপি অনুযায়ী দরপত্র প্রক্রিয়াকরণ করে দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রংপুর জোন |
| ২.১১ বগুড়া জেলার ব্যবসা বাণিজ্য সম্প্রসারণের জন্য রাস্তাঘাট উন্নয়ন (প্রতিশ্রুতি ক্রম ৪) | সভায় জানানো হয় যে, বগুড়া জেলার ব্যবসা বাণিজ্য সম্প্রসারণের জন্য সড়ক উন্নয়ন শীর্ষক প্রকল্পের উপর গত ০৫-০৬-২০১৮ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। | পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সওজ অধিদপ্তর |
| ২.১২ বরিশাল-ফরিদপুর (বরিশাল-ভাংগা-ফরিদপুর) মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ (প্রতিশ্রুতি ক্রম ২৬) | সভায় জানানো হয় যে, বৃহদাকার এ প্রকল্প বাস্তবায়নে বৈদেশিক সহায়তা প্রয়োজন রয়েছে। সে লক্ষ্যে উন্নয়ন সহযোগী সংস্থা অনুসন্ধানের জন্য সওজ অধিদপ্তর কর্তৃক ইআরডিতে কার্যকর যোগাযোগ অব্যাহত রাখার জন্য পরামর্শ দেয়া হয়। ফরিদপুর-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী-কুয়াকাটা জাতীয় মহাসড়ক চার লেনে উন্নীতকরণের জন্য ভূমি অধিগ্রহণ সংক্রান্ত লিংক প্রকল্প গ্রহণ করা হয়েছে। ভূমি অধিগ্রহণ প্রকল্পটির উপর পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। | ক. বৈদেশিক সহায়তা প্রাপ্তির লক্ষ্যে ইআরডিতে কার্যকর যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>খ. ভূমি অধিগ্রহণ সংক্রান্ত লিংক প্রকল্পের উপর পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সওজ অধিদপ্তর |
| ২.১৩ বরিশাল-ভুরঘাটা মহাসড়ক উন্নয়ন | বরিশাল-ভুরঘাটা মহাসড়কের বিষয়ে সভায় জানান হয় যে, ভুরঘাটা হতে বরিশাল পর্যন্ত ৫৯ কিলোমিটার মহাসড়কের উন্নয়ন কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। সমাপ্ত সড়কটির বিভিন্ন অংশের কোর কাটিং করে কাজের গুনগত মান সম্পর্কে নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট মনিটরিং টিমকে পরিদর্শনপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়। | সড়কটির বিভিন্ন অংশের কোর কাটিং করে কাজের গুনগত মান সম্পর্কে নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট মনিটরিং টিম পরিদর্শনপূর্বক ব্যবস্থা গ্রহণ করবে। | প্রকল্প পরিচালক, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বরিশাল জোন ও সংশ্লিষ্ট মনিটরিং টিম |
| ২.১৪ লক্ষ্মীপুর - শরীয়তপুর মহাসড়ক | সভায় জানানো হয় যে, লক্ষ্মীপুর-শরীয়তপুর মহাসড়কটি মূলত ৭৪.৬৩৪ কিলোমিটার দীর্ঘ মোস্তফাপুর-মাদারীপুর-ইব্রাহীমপুর-হরিণা-চাঁদপুর (আর-৮৬০) এবং কুমিল্লা-লালমাই-চাঁদপুর-লক্ষ্মীপুর সড়কের (আর-১৪০) সমন্বয়ে গঠিত। আঞ্চলিক মহাসড়ক ২টির উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কাজ লক্ষ্মীপুর, চাঁদপুর এবং শরীয়তপুর এই ৩টি সড়ক বিভাগের আওতায় সম্পাদিত হয়। গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় | (ক) লক্ষ্মীপুর - শরীয়তপুর মহাসড়কের শরীয়তপুর-ইব্রাহীমপুর ফেরীঘাট পর্যন্ত ৩৫ কিলোমিটার অংশের মেরামত/ উন্নয়ন ত্বরান্বিত করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌলী, গোপালগঞ্জ জোন |

www.rthd.gov.bd // date: 2018-07-19

| | | | |
|---|---|---|---|
| | উন্নীতকরণ (কুমিল্লা জোন) শীর্ষক প্রকল্পের আওতায় চাঁদপুর সড়ক বিভাগের অধীন মোস্তফাপুর-মাদারীপুর-ইব্রাহীমপুর-হরিণা-চাঁদপুর মহাসড়কটির চাঁদপুর অংশের ১১.২৯ কিলোমিটার অংশ উন্নয়নের জন্য প্রকল্পটির ব্যয় ১৭.৬৬ কোটির টাকার ডিপিপিটি একনেক কর্তৃক এপ্রিল, ২০১৭তে অনুমোদিত হয়েছে। মেয়াদকাল ধরা হয়েছে ০১/০৩/২০১৭ হতে ৩১/১২/২০১৯পর্যন্ত। গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (কুমিল্লা জোন) শীর্ষক প্রকল্পের আওতায় কুমিল্লা-লালমাই-চাঁদপুর-লক্ষ্মীপুর-বেগমগঞ্জ (আর-১৪০) মহাসড়কটির প্রকল্পভুক্ত সড়কের দৈর্ঘ্য ১২৭.৮২ কিলোমিটার। প্রকল্পটির ব্যয় ৩৭২.৩৬ কোটির টাকা; প্রকল্পটি এপ্রিল, ২০১৭ এ একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। মেয়াদকাল ধরা হয়েছে ০১/০৩/২০১৭ হতে ৩১/১২/২০১৯ পর্যন্ত। মোস্তফাপুর-মাদারীপুর-ইব্রাহীমপুর-হরিণা-চাঁদপুর মহাসড়কটির শরীয়তপুর অংশের ৩৫ কিলোমিটার সংস্কারের কাজ পিএমপি এর মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। মোস্তফাপুর-মাদারীপুর-ইব্রাহীমপুর-হরিণা-চাঁদপুর মহাসড়কটির শরীয়তপুর অংশের ৩৫ কিলোমিটার প্রশস্তকরণ, বাঁকসরলীকরণসহ পুনঃনির্মাণের নিমিত্ত একটি ডিপিপি প্রণয়ন করা হয়েছে। প্রণীত ডিপিপির উপর ২৮/০২/২০১৮ তারিখে মন্ত্রণালয়ে অভ্যন্তরীণ যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি বর্তমানে পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন রয়েছে। | (খ) প্রকল্পটির অনুমোদন প্রক্রিয়াকরণের লক্ষ্যে পরিকল্পনা কমিশনে যোগাযোগ রাখতে হবে। | |
| ২.১৫ সওজ অধিদপ্তরে প্রক্রিয়াধীন প্রকল্প | সওজ অধিদপ্তরে প্রক্রিয়াধীন প্রকল্পসমূহের ডিপিপি/ পুনর্গঠিত ডিপিপি যথাযথ ও উপযুক্ত তথ্যাদি সন্নিবেশ করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের উদ্যোগ নেয়ার জন্য পরামর্শ দেয়া হয়। আরো বলা হয় যে, ডিপিপি প্রণয়নকালে যেসব সার্ভে ও স্ট্যাডি করা দরকার তা সঠিকভাবে করা এবং যৌক্তিকভাবে ব্যয় প্রাক্কলন করা সমীচীন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | (ক) সওজ অধিদপ্তরে প্রক্রিয়াধীন প্রকল্পসমূহের ডিপিপি/ পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) ডিপিপি প্রণয়নকালে যেসব সার্ভে ও স্ট্যাডি করা দরকার তা সঠিকভাবে করতে হবে এবং যৌক্তিকভাবে ব্যয় প্রাক্কলন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |
| ২.১৬ পিডিপিপি | সভায় অবহিত করা হয় যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিশ্রুত (ক্রম ২৬ ও ৩৭) প্রকল্পের পিডিপিপি পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন এবং ৩৮(আংশিক), ৪২ ও ৫০ ক্রমভুক্ত প্রতিশ্রুত প্রকল্পের পিডিপিপি বৈদেশিক সহায়তা অনুসন্ধানের নিমিত্ত ইআরডিতে প্রক্রিয়াধীন। এছাড়া, নতুন চাহিদার আলোকে নতুন পিডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ এবং নেত্রকোনা জেলার ভারত সীমান্ত দিয়ে সুনামগঞ্জ/সিলেট সীমান্ত মহাসড়কাংশ এবং চট্টগ্রাম থেকে সমুদ্র উপকূল দিয়ে কক্সবাজার পর্যন্ত মহাসড়ক নির্মাণের ফিজিবিলিটি স্ট্যাডি শুরু করার জন্যও সভায় পুনঃউল্লেখ করা হয়। | (ক) নতুন চাহিদার আলোকে নতুন পিডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) নেত্রকোনা জেলার ভারত সীমান্ত দিয়ে সুনামগঞ্জ/সিলেট সীমান্ত সড়কাংশ এবং চট্টগ্রামের সীতাকুন্ড থেকে সমুদ্র উপকূল দিয়ে কক্সবাজার পর্যন্ত সড়ক নির্মাণের ফিজিবিলিটি স্ট্যাডি শুরু করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |

৩. প্রকল্প বাস্তবায়নে আরো আন্তরিক ও তৎপর হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করে এবং আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
১৬-০৭-২০১৮
(মোঃ নজরুল ইসলাম)
সচিব

www.rthd.gov.bd // date: 2018-07-19